

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ববোর্ড
রাজস্বভবন
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-১৫(৩) কাস-১/৯২/(অংশ-২)/

তারিখ: ১৯/১০/২০০২ ইং

প্রেরক : এ, এফ, এম, আবদুল্লাহ খান,
দ্বিতীয় সচিব (শুষ্ক: নীতি ও বাজেট)।

প্রাপক : কমিশনার,
১। শুষ্ক ভবন, চট্টগ্রাম।

২। কমিশনার,
শুষ্ক ভবন, ঢাকা।

৩। আইসিডি,
কমলাপুর, ঢাকা।

বিষয় : Air Conditioning Machine এবং Compressor এর BHP নির্ধারণ প্রসঙ্গে।

সূত্র : ১। কাস্টম হাউস, চট্টগ্রাম এর পত্র নং-৩৯/বিবিধ/সেক-৫/০১-০২/১১২,
তাং-২১/০৯/২০০২ ইং।

২। আইসিডি, কমলাপুর এর পত্র নং-৫-কাস/পিএসআই(১৩৮২)ইস:/২০০২/গ্রপ-২/১০৬০,
তাং-১৫/০৭/২০০২ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। মূলধনী যন্ত্রপাতি সংক্রান্ত রেয়াতী প্রজ্ঞাপন এস,আর,ও ১৫৮-আইন/২০০০/১৮৩৯/শুষ্ক, তাং-০৮/০৬/২০০০ ইং এর অধীনে ভুল ভিত্তির উপর নির্ভর করে এয়ার কন্ডিশনার এর HP/BHP নির্ধারণ করায় সরকারের কোটি কোটি টাকা রাজস্ব ক্ষতি হচ্ছে মর্মে বিভিন্ন সূত্রে অভিযোগ পাওয়া গেছে। এয়ারকন্ডিশনার এর ক্ষেত্রে cooling capacity এর ভিত্তিতে BHP নির্ধারণ করা হচ্ছে মর্মে অভিযোগে উল্লেখ করা হয়েছে। অথচ এক্ষেত্রে cooling capacity এর পরিবর্তে power consumption (requiring power for operation) এর ভিত্তিতে BHP নির্ধারণ হওয়ার কথা। বিদ্যমান বিভ্রান্তি দূরীকরণ ও রাজস্ব সুরক্ষা কল্পে এ বিষয়ে বোর্ড থেকে কমিশনার, শুষ্ক ভবন, ঢাকা/চট্টগ্রাম ও যুগ্ম-কমিশনার, আইসিডি, কমলাপুরের মতামত জানতে চাওয়া হয়।

০২। বোর্ডের পত্রের প্রেক্ষিতে কাস্টম হাউস, চট্টগ্রাম এ বিষয়ে BUET এর যন্ত্রকৌশল বিভাগের ব্যাখ্যা সংগ্রহ করে উক্ত ব্যাখ্যাসহ মতামত বোর্ডে প্রেরণ করে। BUET এর মতে “Air conditioning machine requiring more than 10BHP” বলতে যে ইলেকট্রিক মটর দ্বারা (Prime mover) Air conditioning machine চালানো হয়, তার output power-কে বুঝানো হয় (Air conditioning machine এর output নয়) এবং এটিই শুষ্ক নির্ধারণের ভিত্তি। BUET, energy (power) requirement এবং cooling capacity এর যে ব্যাখ্যা প্রদান করেছে (কপি সংযুক্ত) তাতে BTU/hr কে ০.০০০১১২ দিয়ে Multiply করলেই BHP পাওয়া যাবে। সে হিসেবে ৯০,০০০ ইএফট এর নিম্নের কোন Air Conditioning Machine এস,আর,ও সুবিধা পাবেনা মর্মে প্রতীয়মান।

০৩। এমতাবস্থায় BUET এর ব্যাখ্যা অনুযায়ী -

ক) শুধুমাত্র ৯০,০০০ বা এর অধিক BTU ক্ষমতা সম্পন্ন Air Conditioning Machine কেই এস,আর,ও ১৫৮/২০০০ এর রেয়াতী সুবিধা প্রদান করা যেতে পারে,

খ) ৯০,০০০ BTU এর নিম্নের ক্ষমতা সম্পন্ন কোন Air Conditioning Machine কে ইতোমধ্যে এস, আর, ও ১৫৮/২০০০ এর রেয়াতী সুবিধা প্রদান পূর্বক শুষ্কায়ন করা হয়ে থাকলে সেগুলোর বিপরীতে অবিলম্বে দাবীনামা জারী করতে হবে,

গ) আইনের সংশ্লিষ্ট ধারা সমূহের যথাযথ প্রয়োগের মাধ্যমে দাবীকৃত টাকা আদায়ের সর্বাঙ্গিক ব্যবস্থা গ্রহণ করতে হবে,

ঘ) এয়ার কন্ডিশনারের compressor এর শুষ্কায়নের ক্ষেত্রেও একই পদ্ধতি ও কার্যক্রম গ্রহণ করতে হবে।

৪। বিষয়টি সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের নিমিত্ত নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ২(দুই) পাতা।

স্বাক্ষরিত/-

(এ, এফ, এম, আবদুল্লাহ খান)

দ্বিতীয় সচিব (শুষ্ক: নীতি ও বাজেট)